সংবাদ

তারিখ ... 17 MAY 2005
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪

২০০৩ সালের প্রতিবেদন

# বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষা খাতে ব্যয় ১৩ শতাংশ

সংসদ বার্তা পরিবেশক

বিশ্ববিদ্যালয়গুলোর মোট ব্যয়ের ৭১ শতাংশই ব্যয় হয় শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা খাতে। অবশিষ্ট ২৯ শতাংশ অর্থের মধ্যে ১৬ শতাংশ ব্যয় হয় প্রশাসনিক ও রক্ষণাবেক্ষণ খাতে এবং মাত্র ১৩ শতাংশ ব্যয় করা সম্ভব হয় শিক্ষার আনুষঙ্গিক খাতে।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ২০০৩ সালের বার্ষিক প্রতিবেদনে এ তথ্য উপস্থাপন করা হয়েছে। গত রোববার প্রতিবেদনটি সংসদে উত্থাপন করেন শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক। প্রতিবেদনে আর্থিক শৃঙ্খলার স্বার্থে এ প্রবণতা পরিহার করার সুপারিশ করা হয়েছে।

প্রতিবেদনে বলা হয়, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে নানাবিধ অবস্থা ও অসঙ্গতি পরিলক্ষিত হচ্ছে। যে সব বিশ্ববিদ্যালয়ে অব্যবস্থা ও অসঙ্গতি রয়েছে সেগুলোর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে।

প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, ২০০৩ সালের ৪টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে কোন শিক্ষার্থী ছিল না। বিশ্ববিদ্যালয়গুলো হলো আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি, ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অফ বাংলাদেশ, রয়েল ইউনিভার্সিটি অফ ঢাকা ও ইউনিভার্সিটি অফ লিবারেল আর্ট বাংলাদেশ। ২০০৩ সালে ৫২টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মোট শিক্ষার্থী ছিল ৪৬,০৮০ জন। এর মধ্যে এশিয়ান ইউনিভার্সিটি অফ বাংলাদেশে সর্বাধিক ৬ হাজার ৩৩৫ জন এবং সর্বনিম্ন ১৩ জন শিক্ষার্থী ছিল মিলেনিয়াম ইউনিভার্সিটিতে।